

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে চিকুনগুনিয়া জ্বর নিয়ে সেমিনার

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে চিকুনগুনিয়া জ্বর নিয়ে একটি গুরুত্বপূর্ণ সেমিনার আগামী ২১ মে ২০১৭, রবিবারে এ বিশ্ববিদ্যালয়ের এ ব্লকের দ্বিতীয়তলার অডিটোরিয়ামে অনুষ্ঠিত হবে। এতে সভাপতিত্ব করবেন বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান। প্যানেলিস্ট হিসেবে উপস্থিত থাকবেন বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের সম্মানিত সাবেক উপাচার্য অধ্যাপক ডা. মোঃ নজরুল ইসলাম, ঢাকা মেডিক্যাল কলেজের অধ্যাপক ডা. খান আবুল কালাম আজাদ, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের ইন্টারনাল মেডিসিন বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ডা. মোঃ আবদুর রহিম, রিউম্যাটোলজি মেডিসিন বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ডা. মিনহাজ রহিম চৌধুরী, শিশু বিভাগের অধ্যাপক ডা. চৌধুরী আলী কাওসার প্রমুখ। সেমিনারটি সার্বিকভাবে তত্ত্বাবধান করছেন শিশু হেমাটোলজি ও অনকোলজি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ডা. চৌধুরী ইয়াকুব জামাল ও রিউম্যাটোলজি বিভাগের অধ্যাপক ডা. সৈয়দ আতিকুল হক। আরো বক্তব্য রাখবেন প্যাথলজি বিভাগের সম্মানিত অধ্যাপক মোহাম্মদ কামাল, ভাইরোলজি বিভাগের অধ্যাপক ডা. সাইফ উল্লাহ মুন্সী, রিউম্যাটোলজি বিভাগের সহযোগী অধ্যাপক ডা. মোঃ আবু শাহীন প্রমুখ। উক্ত সেমিনারের সংবাদ কভার করার জন্য সংবাদপত্র, ইলেকট্রনিক মিডিয়া, বেতার, অনলাইন সংবাদপত্র ও অনলাইন সংবাদ সংস্থা ও হেলথ রিপোর্টার্স ফোরামের সকল রিপোর্টারসহ সংশ্লিষ্ট রিপোর্টারবৃন্দ, ক্যামেরাম্যান ও ফটোগ্রাফারবৃন্দ বিশেষভাবে আমন্ত্রিত।